



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

বিজ্ঞপ্তি নং - ৪০/২০১৭

তারিখ : ২৬ আষাঢ়, ১৪২৪
১০ জুলাই, ২০১৭

বাংলাদেশ ব্যাংক এর টাকা জাদুঘর-এ 'সহকারী কীপার (ডিসপ্লে, জনসংযোগ ও প্রকাশনা)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদনের সমর্থনে দলিলাদি প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক এর টাকা জাদুঘর-এ 'সহকারী কীপার (ডিসপ্লে, জনসংযোগ ও প্রকাশনা)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ১০/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীদেরকে প্রাথমিকভাবে উত্তীর্ণ ঘোষণা করা হলোঃ

উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর
১০০৬, ১০৩২, ১১৫৬, ১১৫৭, ১৩৬৪, ১৪১০, ১৫৬৭, ১৫৬৯, ১৬৪৭, ১৬৬৫, ১৬৯৭, ১৮৩৩, ২১৯৯ ও ২২২১ = ১৪ জন

উত্তীর্ণ প্রার্থীদেরকে তাদের আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রামাণিক দলিলাদির সত্যায়িত ফটোকপিসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র (পরীক্ষার্থীর ফোন নম্বর ও পরীক্ষার খাতায় প্রদত্ত নিজ স্বাক্ষর সহ) আগামী ৩১/০৭/২০১৭ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে ডাকযোগে প্রেরণ অথবা প্রধান ভবনের নিচতলায় সংরক্ষিত বাঞ্ছিত জমাদান অথবা সরাসরি হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ এ জমাদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। খামের উপর পদের নাম ও রোল নম্বর অবশ্যই লিখতে হবে।

০২। এতদুদ্দেশ্যে নিম্নবর্ণিত নির্দেশসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণকরতঃ প্রার্থীদেরকে আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত সনদপত্র/দলিলাদির সত্যায়িত ফটোকপি দাখিল করার পরামর্শ দেয়া যাচ্ছে :

- শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ, মার্কশিট/Transcript; 'O' Level এবং 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate); বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত সমমান সনদ (Equivalence Certificate) (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখ সহ);
- অনার্স বা মাস্টার্সের সনদপত্র, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এ ০৯/০৬/২০১৬ তারিখ বা এর পূর্বে চূড়ান্ত পরীক্ষা পাশের সমর্থনে কোন তারিখ উল্লেখ না থাকলে ফল প্রকাশের তারিখ উল্লেখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার এর কার্যালয় থেকে ইস্যুকৃত সনদপত্র;
- আবেদনে উল্লেখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ (বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা থেকে সংগৃহীত জাতীয়তা সনদ);
- মুক্তিযোদ্ধার সন্তান হলে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত); সংশ্লিষ্ট প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ/ওয়ারিশান সনদ;
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থী হলে পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদ (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত); সে ক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ/ওয়ারিশান সনদ;
- মুক্তিযোদ্ধা কোটাভুক্ত সকল প্রার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্যাদি এবং এর সমর্থনে প্রামাণিক দলিলাদির সত্যায়িত ০৩(তিন) কপি দাখিল করতে হবে :

ক্রঃ নং		(১)	(২)	(৩)	(৪)	(৫)			(৬)
		মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	ঠিকানা	সাময়িক সনদ/গেজেট/মুক্তিবর্তা/বামুস সনদ/ভারতীয় তালিকা/কল্যান ট্রাস্ট নম্বর ও তারিখ	জন্ম তারিখ			মন্তব্য
				গ্রাম/ডাকঘর/ওয়ার্ড নং/উপজেলা/জেলা/অন্যান্য		জন্ম সনদ	এসএসসি	এনআইডি	
ক)	সাময়িক সনদ								
খ)	গেজেট								
গ)	লাল মুক্তিবর্তা								
ঘ)	বামুস সনদ								
ঙ)	ভারতীয় তালিকা								

ছ) ক্ষুদ্র নৃগোষ্ঠীভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিচয়ের প্রদত্ত যথাযথ সনদপত্র ;

জ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীতার স্বপক্ষে প্রদত্ত যথাযথ সনদপত্র;

বা) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।

চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে উপরোক্ত দলিলাদি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, কোনো ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক